# প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের '২০২১-২২ অর্থবছর'-এর বার্ষিক প্রতিবেদন

## (১) ভৌত ও অবকাঠামো উন্নয়ন

কালের পরিক্রমায় প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়টি বিভিন্ন স্থান পরিবর্তনের পর ১৯৮৪ সালে ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকায় পাকিস্তান আমলে নির্মিত একটি টিন শেড ভবনে কার্যক্রম শুরু করে। বর্তমানে টিন শেডের এ ভবনটি অতি পুরাতন হওয়ায় একটি নতুন ইমারত নির্মাণ করতঃ এ কার্যালয় স্থানান্তরের বিষয়টি সেনাসদরের সক্রিয় বিবেচনাধীন আছে।



(প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়)

## (২) সংগঠন ও ক্রয়

এ কার্যালয়ে বর্তমানে প্রাধিকৃত কর্মচারীর সংখ্যা ৪৪ জন। তন্মধ্যে ৩য় হতে ৯ম গ্রেডের ০৮ জন, ১০ম গ্রেডের ০৩ জন, ১১ হতে ১৮তম গ্রেডের ১৮ জন এবং ১৯ হতে ২০তম গ্রেডের ৯ জনসহ মোট ৩৮ জন বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী দ্বারা এ কার্যালয়টি বর্তমানে পরিচালিত হচ্ছে। এছাড়াও এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী বিভাগ, সেনা, নৌ ও বিমান বাহিনী সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, ন্যাশনাল ডিফেন্স কলেজ ও আন্ত:বাহিনী নির্বাচন পর্ষদে (মোট ০৯টি সংস্থায়) ৩য় হতে ২০তম গ্রেড পর্যন্ত বিভিন্ন পদে মোট প্রাধিকৃত ২০৩৪ জন বেসামরিক জনবলের বিপরীতে বর্তমানে ১৭৫৭ জন বেসামরিক জনবল কর্মরত আছে। উল্লেখ্য ২০২১-২০২২ অর্থবছরে এ কার্যালয় কর্তৃক উল্লেখযোগ্য কোন সম্পদ সংগ্রহ করা হয়নি।

## (৩) মানবসম্পদ উন্নয়ন প্রশিক্ষণ

(ক) **শূন্যপদ পূরণ** ঃ ২০২১-২০২২ অর্থ-বছরে ৩য় ও ৪র্থ শ্রেণির পদে ১১৯ জন বেসামরিক কর্মচারীকে শূন্যপদের বিপরীতে নিয়োগ প্রদান করা হয়েছে।

(খ) **পদোন্নতি** ঃ ২০২১-২০২২ অর্থ-বছরে ১ম ও ২য় শ্রেণির পদে ১২ জন বেসামরিক কর্মকর্তা এবং ৩য় শ্রেণির পদে ৫৭ জন বেসামরিক কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

(গ) **প্রশিক্ষণ** ঃ ২০২১-২০২২ অর্থ-বছরে এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন বাহিনী সদর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে কর্মরত ৪০৭ জন বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়সহ পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




(প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন)

**(৪) আন্তর্জাতিক সম্পৃক্ততা**

সেনাবাহিনী সদর দপ্তরে কর্মরত এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন ০১ জন বেসামরিক কর্মকর্তাকে ২০২১-২০২২ অর্থ-বছরে বাংলাদেশ সেনাবাহিনীর কন্টিনজেন্টের সদস্য হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে গমনকারী বেসামরিক কর্মকর্তাগণ আন্তর্জাতিক পরিমন্ডলে কাজ করার অভিজ্ঞতা অর্জন করেছেন এবং বিভিন্ন দেশের মানুষের সাথে পেশাগত, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে দৃষ্টিভঙ্গি বিনিময়ের সুযোগ পেয়েছেন।

**(৫) কল্যাণমূলক কার্যক্রম**

- বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা কর্তৃক প্রদত্ত ০৫ জন বেসামরিক কর্মচারীকে মৃত্যুজনিত কারণে ৪০,০০,০০০/- টাকার আর্থিক অনুদান মঞ্জুরি প্রদান করা হয়।
- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত ০৫ জন মৃত বেসামরিক কর্মচারীর পরিবারকে ১৭,৮০,২৬৭/- টাকার কল্যাণ ভাতা ও কার্ড হস্তান্তর।
- প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয় কর্তৃক পরিচালিত বেসামরিক কর্মকর্তা-কর্মচারী কল্যাণ তহবিল থেকে ০৩ জন কর্মচারীর দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য ৯০,০০০/- টাকা এবং ০১ জন কর্মচারীকে ১০,০০০/- টাকার আর্থিক অনুদান প্রদান করা হয়। তাছাড়া ৬৪ জন বেসামরিক কর্মচারীকে ১৭,৪০,০০০/- টাকার ঋণ প্রদান করা হয়।
- বাহিনী সদর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে কর্মরত এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন ৮২ জন বেসামরিক কর্মকর্তা/কর্মচারীর পেনশন মঞ্জুরি প্রদান।

## (৬) মুজিববর্ষ ও সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন

মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত সরকারি নির্দেশনা অনুযায়ী এ কার্যালয় বছরব্যাপি নিম্নেবর্ণিত কর্মসুচি গ্রহণ ও তদানুযায়ী উদ্‌যাপন করে:

(ক) **মুজিববর্ষ** ঃ মুজিববর্ষ উদ্‌যাপনের নিমিত্ত গৃহীত কর্মসুচি নিম্নরূপ :

- তথ্য মন্ত্রণালয়ের নির্দেশিত শ্লোগান সম্বলিত ব্যানার, ফেস্টুন ও বেলুন দ্বারা অফিস প্রাঙ্গণ সাজানো;
- আলোচনা সভা;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর প্রামাণ্য চিত্র প্রদর্শন;
- বিশেষ দোয়া মাহফিলের আয়োজন; এবং
- সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।


(মুজিববর্ষ ও বিজয়ের সুবর্ণজয়ন্তীতে আলোচনা)


(মুজিববর্ষ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ)


(প্রামাণ্য চিত্র প্রদর্শণ)


(সজ্জিত অফিস প্রাঙ্গণ)

(খ) **সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন** ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের নিমিত্ত গৃহীত কর্মসুচি নিম্নরূপ :


- ব্যানার, ফেস্টুন ও বেলুন দ্বারা অফিস প্রাঙ্গণ সজ্জিতকরণ;
- রাতে অফিস প্রাঙ্গণে আলোকসজ্জা;
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে স্বাধীনতা উত্তর অর্জন বিষয়ক আলোচনা সভা;
- দেশের অগ্রগতি বিষয়ক প্রামাণ্যচিত্র এবং গণহত্যা ও মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী;
- এ কার্যালয় হতে অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান;
- স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগী সকল জনগোষ্ঠীর জন্য দোয়া মাহফিল;
- সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন; এবং
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বিজয় দিবসের অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সর্বোচ্চ সম্মান প্রদর্শন করাসহ জাতীয় চার নেতা, বীর মুক্তিযোদ্ধা ও অন্যান্যদেরকে যথাযথ সম্মান প্রদর্শনের জন্য এক মিনিট নীরবতা পালন এবং আত্মত্যাগী এ সকল গর্বিত সন্তানদের জন্য দোয়া মাহফিলের আয়োজন করা হয়।



(আমন্ত্রিত কর্মকর্তা ও বীর মুক্তিযোদ্ধাবৃন্দ)



(ক্রেস্ট হাতে বীর মুক্তিযোদ্ধাবৃন্দ)



(মুজিববর্ষ ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্বরচিত কবিতা পাঠ)



(মুজিববর্ষ ও বিজয়ের সুবর্ণজয়ন্তীতে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন)

**(৭) তথ্য প্রযুক্তি খাতে উন্নয়ন**

এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোতে বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের দায়িত্ব অত্র কার্যালয় পালন করে থাকে। এ কার্যালয় ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি বেসামরিক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনলাইনের মাধ্যমে নিয়োগের কার্যক্রম সম্পন্ন করে থাকে যা তথ্য প্রযুক্তি খাতে উন্নয়নে অবদান রেখেছে।

**(৮) উদ্ভাবনী ও সেবাসহজীকরণ কার্যক্রম**

উদ্ভাবনী ও সেবাসহজীকরণ কার্যক্রম অংশ হিসেবে এ কার্যালয় ২০২১-২০২২ অর্থবছরে ৩য় ও ৪র্থ শ্রেণির বেসামরিক জনবল অনলাইনের মাধ্যমে নিয়োগের কার্যক্রম পরিচালনা করেছে।

**(৯) নারী উন্নয়ন কার্যক্রম**

এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোতে বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক মহিলা কোটা পূরণসহ মেধারভিত্তিতে মহিলা কর্মকর্তা ও কর্মচারী অত্র কার্যালয় কর্তৃক নিয়োগ করা হয় যা নারী উন্নয়নে বিশেষ অবদান রেখেছে।

## (১০) কোভিড-১৯

এ কার্যালয় কর্তৃক কোভিড-১৯ (করোনা ভাইরাস) বৈশ্বিক মহামারী মোকাবেলায় সরকারের নির্দেশনা মোতাবেক নিম্নেবর্ণিত কার্যক্রমসমূহ প্রতিপালন করা হয়:

- প্রতিদিন অফিস চালুর পূর্বে অফিসের প্রতিটি কক্ষ, আঙ্গিনা, আসবাবপত্র ও যানবাহন জীবাণুমুক্ত করা হয়;
- অফিস প্রাঙ্গণে প্রবেশের পূর্বে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের Medical Infrared Thermometer দিয়ে শরীরের তাপমাত্রা পরীক্ষা করা হয়;
- সকল কর্মকর্তা/কর্মচারীদের সার্জিক্যাল/কাপড়ের মাস্ক বাধ্যতামূলক ব্যবহার নিশ্চিত করা হয়;
- শারীরিক দূরত্ব বজায় রেখে অফিসের কার্যক্রম পরিচালনা করা হয়;
- হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার ও লিকুইড হ্যান্ডওয়াশ/সাবান দিয়ে বারবার হাত পরিষ্কার নিশ্চিত করা হয়;
- করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে অফিস কার্যক্রম (০১ জুন ২০২০ হতে ০৬ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত) সাপ্তাহিক Rotation ভিত্তিক পরিচালনা করা হয়;
- অসুস্থ/বয়স্ক কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত রেখে বাসায় আইসোলেশন নিশ্চিত করা হয়;
- করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত ব্যক্তিবর্গের (কোভিড-১৯) নেগেটিভ পরীক্ষান্তে কোয়ারেন্টাইন সময়কাল শেষ করে পুনরায় কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করা হয়;
- সকল ধরণের অপ্রয়োজনীয় সম্মেলন/মিটিং বর্জনের জন্য নিয়মিত প্রেষণা প্রদান করা হয়;
- প্রযোজ্য ক্ষেত্রে Virtual পদ্ধতিতে/ইন্টারকম-এ বিভিন্ন বিষয়ে মিটিং এবং তথ্য আদান প্রদান করা হয়;
- সেবা গ্রহীতাদের 'No Mask No Service' শ্লোগান অনুসারে সেবা প্রদান করা হয়; এবং
- এ কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ কর্তনপূর্বক প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে জমা প্রদান করা হয়।

## (১১) প্রকাশনা

এ কার্যালয় কর্তৃক সশস্ত্র বাহিনীর প্রয়োজনে ১১,৫০০ সংখ্যক ডায়েরী মুদ্রণ এবং সেনা নির্দেশিকা/জেএসআই ও অন্যান্য বিধি-বিধান সম্পর্কিত পুস্তিকাদী প্রকাশনা পূর্বক সরবরাহ করা হয়েছে।

## (১২) আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদি প্রণয়ন/সংশোধন

এ কার্যালয় কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে কোন আইন, বিধিমালা ও নীতিমালা ইত্যাদি প্রণয়ন/সংশোধন করা হয়নি।

## (১৩) অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম

- ২০২১-২২ অর্থ-বছরে সেনাবাহিনীর ১৩ প্রকারের মোট ২৪৩৪টি অফিস সরঞ্জামাদি এবং ২৮ প্রকারের লেখসামগ্রী ক্রয়ের জন্য প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে ইন্ডেন্ট প্রেরণ করা হয়েছে।
- সেনাবাহিনীর প্রায় ২৪৩ প্রকারের ৫,৩০,২৫,৪৭৫টি সেনাফরম মুদ্রণের নিমিত্ত তদারকির দায়িত্ব পালনসহ সেনা নির্দেশিকা ও জেএসআই এবং অন্যান্য বিধি-বিধান সম্পর্কিত পুস্তক মুদ্রণের ব্যবস্থা করা হয়েছে।
- সিজিডিএফ, এসএফসি (ডিপি), এসএফসি (পূর্ত) এবং এফসি (বিবিধ) কার্যালয়ের জন্য লেখসামগ্রী সংগ্রহ ও বিতরণ করা হয়েছে।
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় এ কার্যালয়ের বাজেট কাঠামো প্রণয়ন করা হয়েছে।
- নন-ট্যাক্স রেভিনিউ খাতে ৮২,৮৬,১৪৩/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

30/10/22

এনায়েত মিয়া
সহকারী পরিচালক
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়